## SECTION - I

## খণ্ড - I

**এই খণ্ডে নিম্নলিখিত অনুচ্ছেদটি অবলম্বনে পাঁচটি (5) প্রশ্ন আছে। প্রত্যেকটি প্রশ্নের উত্তর ত্রিশ (30) শব্দের মধ্যে দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান পাঁচ (5)।**

**(5x5=25)**

কাব্যের থেকে আমরা ভাবের রস গ্রহণ করে পরিতৃপ্ত হই। কিন্তু সেই রসের সম্পূর্ণতা নির্ভর করে কিসের উপরে ? তার তিনটি আশ্রয় আছে। একটি হচ্ছে কাব্যের কলেবর - ছন্দ এবং ভাষা ; তা ছাড়া ভাবকে সেটির পরে যেটিকে যেরূপে সাজালে তার প্রকাশটি সুন্দর হয় সেই বিন্যাসনৈপুণ্য। এই কলেবর রচনার কাজ যেমন তেমন করে চলে না - কঠিন নিয়ম রক্ষা করে চলতে হয় - তার একটু ব্যাঘাত হলেই যতিঃপতন ঘটে, কানকে পীড়িত করে, ভাবের প্রকাশ বাধাপ্রাপ্ত হয়। অতএব এই ছন্দ, ভাষা এবং ভাষাবিন্যাসে কবিকে নিয়মের বন্ধন স্বীকার করতেই হয়, এতে যথেচ্ছাচার খাটে না। তারপরে আর একটা বড়ো আশ্রয় আছে, সেটা হচ্ছে জ্ঞানের আশ্রয়। সমস্ত শ্রেষ্ঠ কাব্যের ভিতরে এমন একটা কিছু থাকে যাতে আমাদের জ্ঞান তৃপ্ত হয়, যাতে আমাদের মননবৃত্তিকেও উদবোধিত করে তোলে। কবি যদি অত্যন্তই খামখেয়ালি এমন একটা বিষয় নিয়ে কাব্য রচনা করেন যাতে আমাদের জ্ঞানের কোনো খাদ্য না থাকে অথবা যাতে সত্যের বিকৃতিবশত মননশক্তিকে পীড়িত করে তোলে তবে সে কাব্যে রসের প্রকাশ বাধাপ্রাপ্ত হয় - সে কাব্য স্থায়িভাবে ও গভীরভাবে আমাদের আনন্দ দিতে পারে না। আর তৃতীয় আশ্রয় এবং শেষ আশ্রয় হচ্ছে ভাবের আশ্রয় - এই ভাবের সংস্পর্শে আমাদের হৃদয় আনন্দিত হয়ে ওঠে। অতএব শ্রেষ্ঠকাব্যে প্রথমে আমাদের কানের এবং কলাবোধের তৃপ্তি, তারপরে আমাদের বুদ্ধির তৃপ্তি ও তারপরে হৃদয়ের তৃপ্তি ঘটলে তবেই আমাদের সমগ্র প্রকৃতির তৃপ্তির সঙ্গে সঙ্গে কাব্যের যে রস তাই আমাদের স্থায়িরূপে প্রগাঢ়রূপে অন্তরকে অধিকার করে। নইলে হয় রসের ক্ষীণতা ক্ষণিকতা, নয় রসের বিকার ঘটে।

**1.** কাব্যরসের সম্পূর্ণতা কিসের উপর নির্ভর করে ?

20. অর্থের উন্নতি কাকে বলে ? উদাহরণ সহ বুঝিয়ে দিন ।

## SECTION - III
## খণ্ড - III

**এই খণ্ডে প্রত্যেক ঐচ্ছিক বিষয় থেকে পাঁচটি (5) করে প্রশ্ন আছে। পরীক্ষার্থীকে যে কোনো একটি বিষয় বেছে নিয়ে, তারই প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান বারো (12), এবং প্রতিটি উত্তরের শব্দসীমা দুশো (200)।** **(12x5=60)**

### ঐচ্ছিক - I

21. চৈতন্য পরবর্তী বৈষ্ণব সাহিত্যে উজ্জ্বল নীলমণির প্রভাব নিরূপণ করুন।

22. বিদ্যাসাগরের **শকুন্তলা** ও **সীতার বনবাস** অনুবাদ হলেও মৌলিক সাহিত্যগুণ বর্জিত নয়। আলোচনা করুন।

23. কৃষ্ণকে ঐতিহাসিক চরিত্ররূপে প্রতিষ্ঠিত করতে বঙ্কিমচন্দ্র কী কী যুক্তির অবতারণা করেছেন ?

24. ***"বীরাঙ্গনা কাব্যের নায়িকারা পৌরাণিক হলেও আধুনিক।"*** - বীরাঙ্গনা কাব্যের সব নায়িকার সম্বন্ধেই কি একথা বলা যায় ?

25. সংস্কৃত সাহিত্য সমালোচনায় বলেন্দ্রনাথের দৃষ্টিভঙ্গির স্বাতন্ত্র্য বিচার করুন।

### ঐচ্ছিক - II

21. পাশ্চাত্য সাহিত্যের সংস্পর্শের ফলে বাংলা সাহিত্যের যে বহুমুখী বিকাশ হয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দিন।

22. ঊনবিংশ শতাব্দীর বাংলা ঐতিহাসিক উপন্যাসের রচয়িতাগণ **স্কটের** দ্বারা কতখানি অনুপ্রাণিত হয়েছিলেন ?

23. বঙ্কিমের গদ্য রচনায় পাশ্চাত্য চিন্তাবিদদের অনুসরণ সম্পর্কে আলোচনা করুন।

24. রবীন্দ্রোত্তর বাংলা কবিতায় টি.এস এলিয়টের **'দি ওয়েস্ট ল্যাণ্ড'** - এর ভূমিকা নিরূপণ করুন।

25. বিশ শতকের দ্বিতীয়ার্ধের বাংলা নাটকে **ইবসেনের** প্রভাবের পরিচয় দিন।

## ঐচ্ছিক - III

21. অভিজাত সংস্কৃতিতে লোক সংস্কৃতির প্রভাব নিরূপণ করুন।

22. বাংলা লোকসাহিত্যের প্রাচীনতম সংগ্রহ ও সমালোচনার পরিচয় দিন।

23. **টাইপ** এবং **মোটিফের** পার্থক্য নির্দেশ করে লোকসাহিত্য বিশ্লেষণে পদ্ধতি দ্বয়ের প্রয়োগ সম্পর্কে আলোচনা করুন।

24. দৃষ্টান্তসহ বাংলার লোক সমাজে প্রচলিত প্রতিবাদধর্মী ছড়াগুলির বৈশিষ্ট্য নিরূপণ করুন।

25. **ঝুমুর** গানের বৈশিষ্ট্য ও রূপভেদের পরিচয় দিন।

## ঐচ্ছিক - IV

21. পুথির ভিন্ন ভিন্ন পাঠ বিচার করে কীভাবে একটি আদর্শ পাঠ প্রস্তুত করা যায় ?

22. প্রথম সংস্করণের তুলনায় পঞ্চম সংস্করণে আকারে অনেক বড় হলেও বঙ্কিমচন্দ্রের **ইন্দিরা**কে পূর্ণাঙ্গ উপন্যাস বলা যায় কি ?

23. **রক্তকরবী** নাটকের একাধিক পাঠান্তরের আলোচনা করে নাটকের ভাববস্তুতে কোনো লক্ষণীয় পরিবর্তন ঘটেছে কিনা দেখান।

24. **রাজর্ষি**তে ছিল না এমন দুটি চরিত্রই **বিসর্জন** নাটকের কাহিনীতে গতি সঞ্চার করেছে। - আলোচনা করুন।

25. **প্রায়শ্চিত্ত** নাটকের উপসংহার **বউ ঠাকুরাণীর হাট** উপন্যাসের উপসংহার অপেক্ষা অধিকতর কলা কুশলতার পরিচায়ক। - আলোচনা করুন।

## ঐচ্ছিক - V

21. ভাষার সঙ্গে ছন্দের কি কোনো অঙ্গাঙ্গী যোগ থাকে ? বাংলা ভাষার উচ্চারণ বৈশিষ্ট্যের কোনো প্রতিফলন বাংলা ছন্দে পাওয়া যায় কি ?

22. ভারতচন্দ্রের কাব্যের ছন্দ বৈচিত্র্য বিষয়ে আলোচনা করুন।

23. ***"মধুসূদন বাংলা ছন্দে কেবল রূপ বৈচিত্র্যই আনেন নি, আধুনিকতার পূর্বাভাষও এনেছেন।'*** - মন্তব্যটি বিচার করুন।

24. সত্যেন্দ্রনাথ দত্তের কাব্যে সংস্কৃত ছন্দের ব্যবহার কতদূর সার্থক হয়েছে বলে আপনি মনে করেন?

25. **তানপ্রধান ছন্দ** সম্পর্কে অমূল্যধন মুখোপাধ্যায়ের চিন্তার পরিচয় দিন।

